



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০
www.bangladeshbank.org.bd

সাকুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১১-১৬

তারিখ : কার্তিক ১০, ১৪১৮
অক্টোবর ২৫, ২০১১

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

জাতীয় রাজস্ব বোর্ডের ২২/০৯/২০১১ তারিখের প্রজ্ঞাপন প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং-৩১০/২০১১/শুক, তারিখঃ সেপ্টেম্বর ২২, ২০১১
খ্রিষ্টাব্দ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অপরপৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রিত করা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)
উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২৬০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
(শুদ্ধ) প্রজ্ঞাপন

তারিখ : ৭ আশ্বিন, ১৪১৮ বঙ্গাব্দ/ ২২ সেপ্টেম্বর, ২০১১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন নং - ৩১০ /২০১১/শুদ্ধ I-Customs Act, ১৯৬৯ (IV of ১৯৬৯) এর section 9 এর subsection (b) এবং (c) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে, বোর্ডের ২৮ জ্যেষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং ২৬২/২০০৯/শুদ্ধ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :

উপরিউক্ত প্রজ্ঞাপন এর -

তফসিলের কলাম (১) এর ক্রমিক নং ১৩২ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রি এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :

সকল শ্রেণীর রপ্তানিযোগ্য পণ্য এবং ডুল্পেক্স বোর্ড, নিউজপ্রিন্ট, ক্রফট পেপার, সিগারেট পেপারসহ সকল প্রকার পেপার ও পেপার বোর্ড, মাছ, সুতা, আলু (HS Code 0701.90.19 ও 0701.90.29), জুস (জাতীয় রাজস্ব বোর্ডের নোটিফিকেশন নং- ৩৪৬/ডি/কাস/৭৭, তারিখ : ২৪/০৫/১৯৭৭ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ভূটানে উৎপাদিত ও প্রক্রিয়াজাতকৃত জুস ব্যতীত), গুঁড়াদুধ, টোব্যাকো (প্রতিষ্ঠিত মূসক নিবন্ধিত বিড়ি উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল হিসেবে আমদানীয় তামাক ডাঁটা ব্যতীত), রেডিও-টিভি পার্টস, সাইকেল পার্টস, মোটর পার্টস, ফরমিকা শীট, সিরামিক ওয়্যার, স্যানিটারী ওয়্যার, স্টেইনলেস স্টীল ওয়্যার, মার্বেল স্লাব এন্ড টাইলস, মিক্সড ফেব্রিক্স ব্যতীত অন্যান্য সকল প্রকার আমদানিতব্য মালামাল।

এই আদেশ ৭ আশ্বিন, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ২২ সেপ্টেম্বর, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ এহতেশামুল হক)

দ্বিতীয় সচিব (শুদ্ধঃ আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)

প্রাপক :

উপ- নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

তাকে প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে
প্রকাশের জন্য অনুরোধ করা হলো।